বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রসেসিং পরিদপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**১৮ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | এস. এম. শহিদুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৮ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ। |
| সভার সময় | দুপুর ৩:০০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, পানি ভবন (লেভেল-৫), বাপাউবো, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক। |

বিগত ১৮ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ রোজ সোমবার দুপুর ০৩:০০ ঘটিকায় মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সভাপতিত্বে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ১৪/০৯/২০২৩ তারিখ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালকগণ, প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল (ভারপ্রাপ্ত), পূর্ণকালীন প্রকল্প পরিচালকগণ এবং সদর দপ্তরের বিভিন্ন পরিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়াও মাঠ পর্যায়ের অন্যান্য জোনের প্রধান প্রকৌশলীবৃন্দ, সকল পওর/ পানি উন্নয়ন সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ ও সকল পওর/ পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ ভার্চুয়ালি Zoom এ সংযুক্ত থেকে অংশগ্রহণ করেন।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। ২০২৩-২৪ অর্থবছরে এডিপিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ৯৫টি চলমান প্রকল্পের অনুকূলে ৭৫৮৫.৭৫ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ৫৯৮৯.৪২ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১৫৯৬.৩৩ কোটি টাকা এবং টাকাংশ ১৫৪৮.৮৫ কোটি টাকা। ১ জুলাই ২০২৩ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত উক্ত বরাদ্দ হতে ছাড়কৃত অর্থের পরিমাণ মোট ৯৭৭.৫১ কোটি (জিওবি ৯৭৭.৫১ কোটি) টাকা, যা মোট বরাদ্দের ১২.৮৯% । একই সময় পর্যন্ত অর্থ ব্যয়ের পরিমাণ মোট ৪৭১.৪৩ কোটি (জিওবি ৪৭১.৪৩ কোটি) টাকা, যা মোট বরাদ্দের ৬.২২% প্রকল্পসমূহের গড় বাস্তব অগ্রগতি ৮.২৪%। বাস্তবায়নাধীন ৯৬টি প্রকল্পের মধ্যে ১টি এডিপি ড্রপ-আউট প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। এডিপি অনুমোদন পরবর্তী আরো ১৫টি নতুন প্রকল্প অনুমোদন লাভ করেছে। এডিপিভুক্ত, এডিপি ড্রপ-আউট ও নতুন অনুমোদিত প্রকল্পসমূহ নিয়ে বাস্তবায়নাধীন মোট প্রকল্প সংখ্যা দাড়ায় (৯৬-১ +১৫)= ১১০টি, যার মধ্যে ৪১টি প্রকল্প চলতি ২০২৩-২৪ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত/ নির্দেশনা প্রদান করা হয়ঃ-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত/ নির্দেশনা | বাস্তবায়নকারী (সময়সীমা) |
|---|---|---|---|
| ১ | প্রকল্প পরিচালকগণকে প্রত্যেক প্রকল্পের জন্য আলাদা PL Account খুলতে হবে। এ বিষয়ে কার্যক্রম পরিদপ্তর একটি সার্কুলার জারি করবেন। অর্থ পরিদপ্তর এবং হিসাবরক্ষণ পরিদপ্তর প্রকল্প পরিচালকগণকে এবিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। | | প্রকল্প পরিচালক (সকল)/কার্যক্রম পরিদপ্তর / অর্থ পরিদপ্তর / হিসাবরক্ষণ পরিদপ্তর |

| | | |
|---|---|---|
| ২ | কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা জোন এর প্রকল্প নিয়ে আলোচনাকালে সভাপতি নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকায় নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (ফেজ-২) (১ম সংশোধিত) প্রকল্পের জালকুড়ি ও লালপুর এলাকায় সৃষ্ট জলাবদ্ধতার কারণ চিহ্নিতকরণ ও সমাধানকল্পে বাপাউবো'র উর্দ্ধতন কর্মকর্তা ও প্রকল্প সংশ্লিষ্টদের সমন্বয়ে গঠিত কারিগরী কমিটির পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী ২১/০৯/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।<br>খ) নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলার সেচ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের ১ম কিস্তির অর্থ চাহিদা দ্রুত বোর্ডে প্রেরণ করতে হবে। প্রকল্পের অবশিষ্ট ২৯টি প্যাকেজের দরপত্র কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে এবং অগ্রগতি ত্বরান্বিত করতে হবে।<br>গ) ২৪/০৯/২০২৩ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী বৃক্ষরোপণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা |
| ৩ | উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) "মনু নদীর ভাঙ্গন হতে মৌলভীবাজার জেলা সদর, রাজনগর ও কুলাউড়া উপজেলা রক্ষা" শীর্ষক প্রকল্পটির ভূমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করার জন্য অর্থ বিভাগ হতে অনুমতি গ্রহণ করতে হবে। ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করে অবশিষ্ট ৩টি প্যাকেজের দরপত্র কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং বরাদ্দ বৃদ্ধির বিষয়ে উদ্দ্যোগী হতে হবে। | প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, সিলেট |
| ৪ | দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্রগ্রাম এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) "চট্টগ্রাম মহানগরীর বন্যা নিয়ন্ত্রণ, জলামগ্নতা/জলাবদ্ধতা নিরসন ও নিষ্কাশন উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আন্তঃখাত সমন্বয়পূর্বক অতিরিক্ত কাজ অন্তর্ভূক্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া সংশোধিত ডিপিপি দ্রুত বোর্ডে দাখিল করতে হবে। | প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্রগ্রাম |
| ৫ | উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) "রাজশাহী জেলার চারঘাট ও বাঘা উপজেলায় পদ্মা নদীর বাম তীরে স্থাপনা সমূহ নদী ভাঙ্গন হতে রক্ষা (১ম সংশোধিত)" প্রকল্পের অবশিষ্ট ১০টি প্যাকেজের দরপত্র কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে এবং বরাদ্দ বৃদ্ধির বিষয়ে উদ্দ্যোগী হতে হবে। | প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, রাজশাহী |
| ৬ | পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) "পশ্চিম গোপালগঞ্জ সমন্বিত পানি ব্যবস্থাপনা (২য় পর্যায়) " প্রকল্পের ভৌত কার্যক্রম ২০২৩-২৪ অর্থ-বছরে শেষ করতে হবে। | প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, ফরিদপুর |
| ৭ | দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল- এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) "বরগুনা জেলার অধীন পোল্ডার ৪৩/১ ও ৪৪বি পুনর্বাসন এবং ঝুঁকিপূর্ণ অংশ পায়রা নদীর ভাঙ্গন হতে প্রতিরক্ষা" প্রকল্পটির দরপত্র কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে এবং অগ্রগতি ত্বরান্বিত করতে হবে।<br>খ) "বরগুনা জেলাধীন পোল্ডার নং-৪১/৬এ ও ৪১/৬বি ও ৪১/৭এ পুনর্বাসন এবং বেতাগী শহরসহ অন্যান্য ঝুঁকিপূর্ণ অংশ বিষখালী ও পায়রা নদীর ভাংগন হতে প্রতিরক্ষা" প্রকল্পটির দরপত্র কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে এবং অগ্রগতি ত্বরান্বিত করতে হবে।<br>গ) ২৪/০৯/২০২৩ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী বৃক্ষরোপণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বরিশাল |
| ৮ | দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা- এর প্রকল্পভিত্তিক আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক) "খুলনা জেলার পোল্ডার নং-১৪/১ এর পুনর্বাসন" প্রকল্পটির দরপত্র কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে এবং অগ্রগতি ত্বরান্বিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, খুলনা |

| | | |
|---|---|---|
| ৯ | বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহ নিয়ে আলোচনাকালে সভাপতি প্রকল্পভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>ক)“Bangladesh Weather and Climate Services Regional Project (BWCSRP) Component-B : Strengthening Hydrological Information Services and Early Warning Systems (SHISEWS) (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের অগ্রগতি প্রতিবেদনে পরবর্তীতে সমাপ্তকৃত প্যাকেজ এবং চলমান প্যাকেজের তালিকা পৃথকভাবে উল্লেখ করতে হবে। এছাড়া, চলমান প্যাকেজসমূহের একটি Checklist তৈরী করে তার অগ্রগতির হার উল্লেখ করতে হবে।<br>খ) “Irrigation Management Improvement Project (IMIP)- for Muhuri Irrigation Project (MIP) (৩য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় সম্প্রসারিত সেচ কার্যক্রম বিষয়ক বিস্তারিত প্রতিবেদন বোর্ডে দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ১০ | ক) বাপাউবো’র ড্রেজারসমূহের জ্বালানী ব্যবস্থা অটোমেশনের জন্য দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং এতদসংক্রান্ত অগ্রগতি আবশ্যিকভাবে বোর্ডকে অবহিত করতে হবে।<br>খ) ২৪/০৯/২০২৩ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী বৃক্ষরোপণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ড্রেজার, নারায়ণগঞ্জ/ খুলনা |
| ১১ | প্রতিবছর বৃক্ষরোপণ কার্যক্রম যথাযথভাবে সুসম্পন্ন করতে বনবিভাগের সাথে MoU সম্পন্ন করতে হবে। সে লক্ষ্যে MoU এর খসড়া আগামী ১৫ কার্যদিবসের মধ্যে বোর্ডে দাখিল করতে হবে। | প্রধান পানি ব্যবস্থাপনা, ঢাকা |

**১২। মহাপরিচালক মহোদয় সভায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন:-**

ক) সকল প্রকল্পের প্রকল্প পরিচালকগণ আবশ্যিকভাবে আগামী ২১/০৯/২০২৩ তারিখের মধ্যে প্রকল্পওয়ারি তথ্য e-PMIS সফটওয়্যারে আপডেট করবেন।

খ) আগামী ২০/০৯/২০২৩ তারিখের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকের কার্যক্রম বা লক্ষ্যমাত্রা পরিবর্তনের প্রস্তাবনা যৌক্তিকতাসহ প্রসেসিং পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

গ) নতুন অনুমোদিত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব আগামী ২১/০৯/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

ঘ) ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রজেক্ট (বাপাউবো অংশ) এর পরামর্শক দ্রুততর সময়ে নিয়োগ করে ভৌত কাজ আরম্ভ করতে হবে।

১৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০-০৯-২০২৩
এস. এম. শহিদুল ইসলাম
মহাপরিচালক

তারিখ: ৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০১২.১৫.০০১.১৯.৬৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২। অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন) (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৫। অতিরিক্ত মহাপরিচালক(অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৬। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৭। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৮। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৯। প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

১০। প্রধান প্রকৌশলী, সকল জোন;

১১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

১২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রিভার ম্যানেজমেন্ট/ ড্যাম এন্ড ব্যারেজ/ আইসিজেড এন্ড ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট/ পিএমইউ-ক্লাষ্টার, বাপাউবো, ঢাকা;

১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, নারায়নগঞ্জ ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ;

১৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা ড্রেজার, বাপাউবো, খুলনা;

১৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পওর এর দপ্তর, বাপাউবো, ঢাকা;

১৬। প্রধান পানি ব্যবস্থাপনা , প্রধান পানি ব্যবস্থাপনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

১৭। প্রকল্প পরিচালক, CEIP-1/ BWCSRP-SHISEWS/ CSAWMP/ FRERMIP-2/ IMIP-MIP/ SWAIWRPMP-AF/ HFMLIP/ DRMEP Comp-1/ CDSP-AF/ ড্রেজার ক্রয়/ ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন (১ম পর্যায়)/ জলযান ক্রয়, বাপাউবো, ঢাকা;

১৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , কাবিখা মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

১৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-২ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

২০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

২১। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

২২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল পওর ও পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো;

২৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

২৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

২৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় জিআইএস পরিদপ্তর , বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

২৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ওয়েস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

২৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ইস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

২৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

২৯। পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩০। পরিচালক, অর্থ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩১। পরিচালক, অডিট পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩২। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩৩। পরিচালক (ভূমি ও রাজস্ব), ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩৫। পরিচালক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩৬। পরিচালক, শৃঙ্খলা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩৭। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩৮। পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৩৯। পরিচালক , প্রশিক্ষণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৪০। যুগ্ম প্রধান, যুগ্ম প্রধান, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৪১। পরিচালক , প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৪২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৪৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৪৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;

৪৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;

৪৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয় এবং

৪৭। নির্বাহী প্রকৌশলী, সকল পওর ও পানি উন্নয়ন বিভাগ।

২১-০৯-২০২৩
টি. এম. রাশিদুল কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট-ক